



## মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর সৌজন্যে বৈঠক



আনোয়ার ইব্রাহিমের সঙ্গে বৈঠকে তারেক রহমান। ছবি: সংগৃহীত

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (২২ জুন) সকালে পুত্রজায়ায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

রাষ্ট্রীয় সফরের দ্বিতীয় দিনে বাংলাদেশ সরকারের প্রধানকে স্বাগত জানান আনোয়ার ইব্রাহিম। এ সময় তাকে লাল গালিচা সংবর্ধনা ও গার্ড অব অনার দেওয়া হয়।

বৈঠকে দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে শ্রমবাজার, মালয়েশিয়ায় অবস্থানরত অনিয়মিত বাংলাদেশিদের বৈধকরণ, বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতার বিষয় গুরুত্ব পায়।

বৈঠক শেষে তিনটি সমঝোতা স্মারক ও নোট বিনিময়ের কথা রয়েছে। মালয়েশিয়ার কর্মসূচি শেষ করে সোমবারই চীনের উদ্দেশে রওনা হওয়ার কথা প্রধানমন্ত্রী তারেক রহমানের।

LENS ASIA